**ফর্ম 1095-A সম্পর্কে প্রায়শই জিজ্ঞাস্য প্রশ্নাবলী**

## 1. কেন আমি NY State of Health-এর থেকে ফর্ম 1095-A পেয়েছি?

আপনি ফর্ম 1095-A পেয়েছেন কারণ আপনি অথবা আপনার পরিবারের একজন সদস্য 2021 ক্যালেন্ডার বছরর সম্পূর্ণ অথবা আংশিক সময়ের জন্য NY State of Health-এর মাধ্যমে একটি বেসরকারি স্বাস্থ্য বীমায নথিভুক্ত ছিলেন।

এই ফর্ম 1095-A কেবল ব্রোঞ্জ, সিল্ভার, গাল্ড এবং প্ল্যাটিনাম পর্যায়ে NY State of Health -এর মাধ্যমে Qualified Health Plans (QHP) উপভোক্তাদেরউপভোক্তা প্রদান করা হয়। ফর্ম 1095-A ক্যাটাস্ট্রোফিক প্ল্যান, Medicaid প্ল্যান, Child Health Plus অথবা Essential Plan উপভোক্তাদেরউপভোক্তা প্রদান করা হ্য না কারণ তারা প্রিমিয়াম ট্যাক্স ক্রেডিটের (Premium Tax Credit, PTC) তন্য যোগ্যযোগ্য নন।

## 2. ফর্ম 1095-A-দিয়ে আমার কী করতে হবে?

<u>যদি আপনি অথবা আপনার পরিবারের একজন সদস্য 2021-এর সম্পূর্ণ অথবা আংশিক সময়ের জন্য NY State of Health-এর মাধ্যমে আর্থিক সহাযতার সাথে স্বাস্থ্য বীমা কভারেজে নথিভুক্ত থাকেন:</u>
আপনার ফেডেরাল ট্যাক্স রিটার্ন সম্পূর্ণ করার জন্য আপনার ফর্ম 1095-A গ্র্যাজল| আপনার অথবা আপনার পরিবারের সদস্য দ্বারা গৃহীত আর্থিক সহায়তা প্রিমিয়াম ট্যাক্স ক্রেডিটের (advance payments of the premium tax credit, APTC) অগ্রিম পেমেন্ট হিসেবে প্রদান করা হয়েছে। যে ব্যক্তি অথবা পরিবার PTC গ্রহণ করেছে তাদেরকে ইন্টার্নাল রেভেনিউ সার্ভিসের নির্দেশ অনুযায়ী একটি ইনকাম ট্যাক্স রিটার্ন ফাইল করতে হবে এবং IRS ফর্ম 8962, প্রিমিয়াম ট্যাক্স ক্রেডিট (PTC) সংযুক্ত করতে হবে। ফর্ম 8962 IRS-এর থেকে www.irs.gov -এ লভ্য। এই ফর্ম 1095-A আপনাকে ফর্ম 8962 সম্পূর্ণ করতে সাহায্য করবে।

<u>যদি আপনি অথবা আপনার পরিবারের একজন সদস্য 2021-এর সম্পূর্ণ অথবা আংশিক সময়ের জন্য NY State of Health-এর মাধ্যমে আর্থিক সহায়তা ব্যতীত স্বাস্থ্য বীমা কভারেজে নথিভুক্ত থাকেন;</u>
আপনার আয়ের উপর নির্ভর করে আপনার স্বাস্থ্য প্ল্যানের উদ্দেশ্যে পরিশোধ করার জন্য আপনি কোনও আর্থিক সহায়তা না। পেয়ে থাকলে আপনি এখনও ট্যাক্স দেওয়ার সময় সাহায্য পেতে পারেন। যদি আপনি প্রিমিয়াম ট্যাক্স ক্রেডিট দাবি (PTC) করতে ইচ্ছুক হন তাহলে আপনার ফেডেরাল ট্যাক্স রিটার্ন সম্পূর্ণ করার জন্য ফর্ম 1095-A দরকার। PTC হলোহলো একটি ট্যাক্স ক্রেডিট যা অফসেট প্রিমিয়াম খরচে সাহায্যের জন্য আপনাকে আর্থিক সহায়তা প্রদান করতে পারে। আমেরিকান রেসকিউ প্ল্যান অ্যাক্টের জন্য ধন্যবাদ, যা 2021 সালের মার্চ মাসে আইনে স্বাক্ষরিত হয়েছিল, ফেডারেল দারিদ্র্য স্তর (Federal Poverty Level, FPL) এর 400% বেশি আয় থাকা উচ্চ আয়ের ব্যক্তিরাও PTC-এর জন্য যোগ্যতা অর্জন করতে পারে। এই ক্রেডিটের মধ্যে আপনি যোগ্যতার প্রয়োজনগুলি পূরণ করছেন কিনা তা নির্ধারণ করতে ফর্ম 8962-এ নির্দেশাবলী সাহায্য করবে।

ট্যাক্স ক্রেডিট দাবি করার জন্য আপনাকে IRS ফর্ম 8962, প্রিমিয়াম ট্যাক্স ক্রেডিট অবশ্যই জমা করতে হবে। ফর্ম 8962 IRS থেকে www.irs.gov -এ অথবা আপনার ট্যাক্স প্রিপেয়ারের কাছে লভ্য। ফর্ম 8962 সম্পূর্ণ করার জন্য আপনার প্রযোজনীয় তথ্য আপনার 1095-A প্রদান করবে।

### 3. আমি গত বছরে 1095-A গ্রহণ করেছি কিন্তু এখন আমি Essential Plan মধ্যে রয়েছি এবং এটি পাই নি। আমার কি আমার ট্যাক্স ফাইল করার দরকার নেই?

ফর্ম 1095-A কেবল প্রিমিয়াম ট্যাক্স ক্রেডিটের (PTC) জন্য যোগ্য উপভোক্তাদের প্রদান করা হয়। যেহেতু আপনি 2021-এ Essential Plan নথিভুক্ত ছিলেন তাই আপনি PTC-এর জন্য যোগ্য নন এবং ফর্ম -1095-A পাবেন না।

### 4. ফর্ম 1095-A-এ কি ধরনের তথ্য আছে?

যদি আপনি PTC দাবি করতে ইচ্ছুক হন অথবা ইতিমধ্যেই আপনার দ্বারা গৃহীত APTC পুনঃস্থাপিত করার প্রয়োজন হয় তাহলে ফর্ম 8962 সম্পূর্ণ করার জন্য আপনার প্রয়োজনীয় তথ্য ফর্ম 1095-এর মধ্যে আছে। ফর্ম 1095-A-এর তিনটি ভাগ আছে:

**ভাগ I:** আপনার সম্পর্কে সাধারণ তথ্য এবং প্রত্যেকটি ফর্ম 1095-A-এ উল্লেখিত নির্দিষ্ট স্বাস্থ্য প্ল্যানের জন্য আরম্ভ এবং সমাপ্তির তারিখ প্রদান করে।

**ভাগ II:** একই পলিসির অধীনে কভার করা পরিবারের প্রত্যেকটি সম্পর্কে তথ্য প্রদান করে। যদি আপনি আর্থিক সহায়তার জন্য আবেদন করেন এবং আপনার ট্যাক্স পরিবারে কে অন্তর্ভুক্ত ছিল তা আমাদেরকে বলেন তাহলে ভাগ II-এর মধ্যে কেবল আপনার নিজস্ব ট্যাক্স পরিবারের জন্য তথ্য অন্তর্ভুক্ত থাকবে। পৃথক ট্যাক্স পরিবারের ব্যক্তিগণ তাদের নিজস্ব ফর্ম 1095-A গ্রহণ করবে। যদি আপনি আর্থিক সহায়তার জন্য আবেদন না করেন তাহলে একই পলিসিতে নথিভুক্ত সমস্ত সদস্য ভাগ II-এ অন্তর্ভুক্ত থাকবে, তারা আপনার ট্যাক্স পরিবারে না থাকলেও।

**ভাগ III:** তিনটি আইটেমের উদ্দেশ্যে বছরের প্রত্যেকটটি মাসের জন্য তথ্য প্রদান করে:

1. আপনার QHP-এর অংশ, যদি প্রযোজ্য হ্য, এসেন্সিয়াল হেথ বেনিফিটে (Essential Health Benefits, EHB) আরোপিত আপনার স্ট্যান্ড-অ্যালোন ডেন্টাল প্রিমিয়াম। আপনার ফর্ম 1095-A-এ রিপোর্ট করা প্রিমিয়াম খরচের ব্যাপারে আরও তথ্যের জন্য প্রশ্ন 6 দেখুন।

2. আপনার আবাসনের কাউন্টির মধ্যে আপনার কভারেজ পরিবারের জন্য দ্বিতীয় সর্বনিম্ন মূল্যের সিলভার প্ল্যানের (Second Lowest Cost Silver Plan, SLCSP) প্রিমিয়াম পরিমাণ। SLCSP-এর প্রিমিয়াম পরিমাণ প্রদান করার কারণ হলো আপনি যে ট্যাক্স ক্রেডিটের পরিমাণের জন্য যোগ্য তা গণনা করার জন্য IRS এই প্রিমিয়াম পরিমাণ ব্যবহার করে। এই তথ্যটি কেবল সেই ব্যক্তিদের প্রদান করা হয় যারা APTC ব্যবহার করেছে। যে ব্যক্তিরা APTC ছাড়া নথিভুক্ত ছিলেন (যারা আর্থিক সহায়তার জন্য আবেদন করে নি অথবা যারা কোনও APTC-এর জন্য আবেদন না করার বিকল্প বেছে নিয়েছেন, যেটির জন্য তারা যোগ্য ছিলেন), সঠিক SLCSP দেখার জন্য NY State of Health একটি তালিকা প্রদান করেছে।

3. যদি প্রযোজ্য হ্য, আপনার পক্ষ থেকে আপনার পলিসির প্রদানকারীকে পরিশোধিত প্রিমিয়াম ট্যাক্স ক্রেডিটের অগ্রিম পরিশোধ।

## 5. কেন আমি একটির চেয়ে বেশি 1095-A ফর্ম পেয়েছি?

এমন অনেক পরিস্থিতি আছে যখন NY State of Health একাধিক ফর্ম 1095A জারি করবে। সবচেয়ে সাধারণ কারণগুলি এখানে দেওয়া হয়েছে:

- OHP-তে পরিবর্তন: যদি আপনি অথবা আপনার পরিবারের কোনও সদস্য 2021-এ প্ল্যান পরিবর্তন করে থাকেন তাহলে আমরা প্রত্যেকটি প্ল্যানে নথিভুক্তকরণের বিবরণ সহ একটি ফর্ম পাঠাবো। যদি আপনি হেস্থ প্ল্যানে নতিভুক্ত থাকেন তারপর প্ল্যান থেকে নাম প্রত্যাহার করেন এবং তারপর একই প্ল্যানে পুনরায় নথিভুক্ত হয়ে থাকেন। তাহলে আমরা এই দুটি নথিভুক্তকরণ মেয়াদের প্রতিটির জন্য একটি ফর্ম পাঠাবো।

- পরিবারের বিভিন্ন সদস্যরা বিভিন্ন প্ল্যানে নথিভুক্ত ছিলেন: যদি আপনার পরিবারের সদস্যরা পৃথক QHP-এ নথিভুক্ত থাকে তাহলে আমরা প্রত্যেকটি স্বাস্থ্য প্ল্যানের জন্য একটি ফর্ম পাঠাবো।

- APTC-এর ব্যবহারে পরিবর্তন: যদি আপনি অথবা আপনার ট্যাক্স পরিবারের কোনও সদস্য কযেক মাসের জন্য APTC ব্যবহার করে থাকেন এবং পরবর্তী মাসের জন্য APTC ব্যবহার করা বন্ধ করে থাকেন (অথবাবিপরীতক্রমে) তাহলে APTC ব্যবহার করা মাসের জন্য একটি ফর্ম প্রদান করা হবে এবং APTC না ব্যবহার করার মাসের জন্য আরও একটি ফর্ম প্রদান করা হবে।

- সাবস্কাইবার-এর পরিবর্তন: যদি এই পলিসির প্রাথমিক সাবস্ক্রাইবারে পরিবর্তন হয়ে থাকে তাহলে যে মাসগুলিতে একজন ব্যক্তি প্রাথমিক সাবস্ক্রাইবার ছিলেন তার জন্য একটি ফর্ম প্রদান করা হবে এবং যে মাসগুলিতে অন্য ব্যক্তিরা গ্রাথমিক সাবস্ক্রাইবার ছিলেন তার জন্য আরও একটি ফর্ম প্রদান করা হবে।

## 6. আমার অ্যাকাউন্টে আমি যে প্রিমিয়াম পরিমাণ দেখতে পাচ্ছি অথবা আমার স্বাস্থ্য প্ল্যান থেকে আমি যে বিল গ্রহণ করেছি, তার সাথে 1095-A-এর মাসিক প্রিমিয়াম পরিমাণ কেন মিলছে না?

ফেডেরাল নিয়মগুলি এসেন্সিয়াল হেল্ড বেনিফিট (Essential Health Benefits, EHB)-এ বিবেচ্য সুবিধার জন্যই কেবল (A) PTC ব্যবহার করার অনুমতি প্রদান করে এবং EHB ব্যতীত অন্যান্য সুবিধার জন্য ব্যবহার করা উচিত নয়। যেহেতু Form 1095-A, PTC দাবি করার জন্য অথবা APTC পুনঃস্থাপিত করার জন্য আবশ্যক তথ্য প্রদান করে, এই ফর্মের মধ্যে EHB কভারকারী প্রিমিয়ামের শ্যের অন্তর্ভুক্ত রয়েছে, যাতে আপনার দ্বারা পরিশোধিত মাসিক প্রিমিয়াম পরিমাণ
প্রতিফলিত হতেও পারে বা নাও হতে পারে। অনুগ্রহ করে খেয়াল রাখবেন আপনি স্ট্যান্ড-অ্যালোন ডেন্টাল প্ল্যানে নথিভুক্ত না থাকলে, পেডিয়াট্রিক ডেন্টাল কভারকারী আপনার ডেন্টাল কভারেজ প্রিমিয়ামের অংশ, যেটিকে কেবল আপনার চিকিৎসাগত হেল্ফ প্ল্যানের প্রিমিয়াম নয় বরং EHB হিসেবেও বিবেচনা করা হয়, সেটিকে আপনার মাসিক প্রিমিয়াম পরিমাণে অন্তর্ভুক্ত করা হবে।

এসেন্সিয়াল হেল্থ বেনিফিটের একটি তালিকা এখানে লভ্য:
http://info.nystateofhealth.ny.gov/news/what-are-essential-health-benefits
essential-health-benefits কয়েকটি স্বাস্থ্য প্ল্যানের মধ্যে কেবল EHB অন্তর্ভুক্ত থাকে এবং কয়েকটি প্ল্যানে অতিরিক্ত সুবিধা থাকে (যেমন অ্যাকিউপাংচার)।

## 7. আমি এমন একজন ব্যক্তির সাথে স্বাস্থ্য প্ল্যানে নথিভুক্ত হয়েছিলাম যিনি স্বামী-স্ত্রী অথবা নির্ভরশীল ব্যক্তি নয় (যেমন গার্হস্থ্য সঙ্গী অথবা অনির্ভরশীল বাচ্চা) এবং আমরা আর্থিক সহায়তা গ্রহণ করেছি। কেন তিনি আমার ফর্ম 1095-A-এ তালিকাভুক্ত নয়?

যদি আপনি এমন কোনও ব্যক্তির সঙ্গে আর্থিক সহায়তার সাথে কোনও স্বাস্থ্য প্ল্যানে নথিভুক্ত হয়ে থাকেন যাকে আপনি আপনার ট্যাক্স রিটার্নে একজন নির্ভরশীল হিসেবে দাবি করেন না, আপনি আপনার এবং আপনার নির্ভরশীল ব্যক্তির (যদি থাকে) জন্য ফর্ম-1095-A গ্রহণ করবেন এবং অন্য ব্যক্তি নিজের জন্য ফর্ম-1095-A গ্রহণ করবে।

IRS-এর প্রয়োজন অনুযায়ী আমাদেরকে স্বাস্থ্য প্ল্যানে নথিভুক্ত প্রত্যেকটি পরিবারের জন্য একটি পৃথক ফর্ম 1095-A পাঠাতে হয় এবং কেবল প্রত্যেকটি 1095-A-এর নির্দিষ্ট ট্যাক্স পরিবারের জন্য তথ্য সংযুক্ত করতে হয়।

## 8. আমার নির্ভরশীল ব্যক্তি এবং আমি আর্থিক সহায়তার সাথে একটি স্বাস্থ্য প্ল্যানে নথিভুক্ত ছিলাম। কেন আমার ফর্ম 1095-A-এ নির্ভরশীল ব্যক্তি তালিকাভুক্ত নয়?

যদি আপনি 2021 কভারেজ বছরের জন্য আপনার আবেদনে নির্দেশ করে থাকেন যে সেই ব্যক্তি নির্ভরিশীল ব্যক্তি ন্য এবং তাই পৃথক ট্যাক্স পরিবারে অন্তর্ভুক্ত ছিল, তাহলে NY State of Healt সেই ব্যক্তিকে একটি পৃথক ফর্ম 1095 পাঠিয়েছে। আপনি ভূতাপেক্ষভাবে আপনার NY State of Health আবেদনের তথ্য পরিবর্তন করতে পারবেন না কিন্তু আপনি অ্যাকাউন্টে লগ ইন করতে পারেন এবং 2022 নথিভুক্তকরণ বছরের জন্য আপনার আবদেনের তথ্য সংশোধন করতে পারেন।

## 9. আমার সম্পূর্ণ পরিবার NY State of Health-এর মাধ্যমে স্বাস্থ্য প্ল্যানে নথিভুক্ত ছিল কিন্তু আমার পরিবারের কেবল একজন ব্যক্তি ফর্ম 1095-A গ্রহণ করেছে। আমার পরিবারের সমস্ত ব্যক্তির কি এই ফর্মের একটি প্রতিলিপি পাওয়া উচিত?

যদি আপনি আর্থিক সহায়তার সাথে নথিভুক্ত থাকেন তাহলে প্রত্যকটি স্বাস্থ্য প্ল্যানে নথিভুক্ত প্রত্যেকটি ট্যাক্স পরিবারের একজন ব্যক্তিকে ফর্ম 1095-A পাঠানো হয়। উদাহরণস্বরূপ, যদি বিবাহিত দম্পতি স্বাস্থ্য প্ল্যানে নথিভুক্ত হয় তাহলে, NY State of Health কেবল অ্যাকাউন্টধারক স্বামী-স্ত্রীকে ফর্ম 1095-A পাঠাবে। যদি বিবাহিত দম্পতি তাদের অনির্ভরশীল বাচ্চার জন্য আর্থিক সহায়তার সাথে স্বাস্থ্য প্ল্যানে নথিভুক্ত হয় তাহলে আমরা অ্যাকাউন্টধারককে একটি ফর্ম 1095-A পাঠাবো এবং অনির্ভরশীল বাচ্চাকে দ্বিতীয় ফর্ম 1095-A পাঠাবো। ফর্মটিতে কেবল সেই নির্দিষ্ট ট্যাক্স পরিবারের জন্য তথ্য অন্তর্ভুক্ত থাকবে, সেই পলিসি দ্বারা অন্যান্যরা কভার থাকলেও।

যদি আপনি আর্থিক সহায়তার জন্য আবেদন না করে থাকেন এবং NY State of Health-এর প্রয়োজন অনুযায়ী আপনার ট্যাক্স পরিবারে কে আছে তার বলার দরকার ছিল না, তাহলে আমরা স্বাস্থ্য প্ল্যানে নথিভুক্ত সবার জন্য অ্যাকাউন্টধারককে ফর্ম 1095-A পাঠাবো।

## 10. আমার ফর্ম 1095-A পাওয়া উচিত ছিল কিন্তু আমি পাইনি। আমি এই ফর্মের পরিবর্তিত প্রতিলিপি কি পাব?

যদি এই ফর্ম-1095-A আপনাকে পাঠানো হয় এবং আপনার NY State of Health অ্যাকাউন্টের ওপর আপনি অ্যাকাউন্টধারক হন তাহলে আপনি www.nystateofhealth.ny.gov. -এ অনলাইনে ফর্মটি পাবেন। আপনার অ্যাকাউন্টে লগ ইন করুন এবং আপনার ইনবক্সে ফর্ম 1095-A খুঁজুন।
যদি আপনি আপনার অ্যাকাউন্টে অনলাইন প্রবেশ করতে না পারেন তাহলে অনুগ্রহ করে 1-855-766-7860 নম্বরে NY State of Health -কে কল করুন।

যদি ফর্ম 1095-A আপনাকে পাঠানো হয় এবং আপনি এই অ্যাকাউন্টের একজন অ্যাকাউন্টধারক না হয়ে থাকেন তাহলে অনুগ্রহ করে 1-855-766-7860 নম্বরে NY State of Health-কে কল করুন।

## 11. আমি কিভাবে 1095-A-থেকে তথ্য পাব যা আমাকে পাঠানো হয়নি?

NY State of Health কেবল ফর্ম 1095-A এবং যে ব্যক্তিকে ফর্মটি পাঠানো হয়েছিল সেই ফর্মে তার তথ্য প্রদান করবে। যদি আপনার ফর্ম 1095-A থেকে তথ্যের প্রয়োজন হয় যা আপনাকে পাঠানো হয়নি, অনুগ্রহ করে যে ব্যক্তিকে ফর্মটি পাঠানো হযেছে তার সঙ্গে যোগাযোগ করুন এবং 1-855-766-7860 নম্বরে NY State of Health-এর সাথে যোগাযোগ করুন।

## 12. 2021 কভারেজ বছরে ঘটিত পরিস্থিতির পরিবর্তনের ব্যাপারে আমি আনতে ভুলে গেছি, আমার কী করা উচিত?

আপনি NY State of Health-কে যে পরিবর্তনগুলি জানাতে ভুলে গেছেন তা কিভাবে পুনঃস্থাপিত করতে হবে সে ব্যাপারে ফর্ম 8962 নির্দেশ প্রদান করবে। যদি আপনি পরিস্থিতির পরিবর্তনের ব্যাপারে না জানান তাহলে আপনি অতিরিক্ত PTC-এর তন্য যোগ্য হতে পারেন অথবা আপনার IRS-এর কাছে PTC বকেয়া থাকতে পারে।

আপনি 2021 নথিভুক্ত বছরের জন্য NY State of Health -কে যে তথ্য জানিয়েছেন তা ফর্ম 1095-A -এর ওপর তথ্যটিকে প্রতিফলিত করে। আপনি ভূতাপেক্ষভাবে আপনার অ্যাকাউন্টের তথ্য পরিবর্তন করতে পারবেন না যা আপনার 2021 নথিভুক্তকরণ অথবা যোগ্যতায় আরোপ করা হয়েছে। আপনি কেবল ভবিষ্যাপেক্ষভাবে পরিবর্তন করতে পারবেন।

যদি আপনি 2021-এ পরিবর্তনগুলি, যেমন বার্ষিক আযে পরিবর্তন, আপনি যাকে নির্ভরশীল হিসেবে দাবি করতে চান বলে পরিকল্পনা করছেন, অথবা আপনি কোথায় থাকেন, প্রতিফলিত করার জন্য আপনার আবেদন আপডেট না করেন তাহলে এই পরিবর্তনগুলি আপনার বর্তমান ফর্ম 1095-A-এ প্রতিফলিত হবে না।

অগ্রসর হয়ে, আপনি যদি NY State of Health-এর মাধ্যমে একটি হেলথ প্ল্যানে নথিভুক্ত হন, তাহলে আপনাকে সর্বদা 30 দিনের মধ্যে পরিস্থিতির পরিবর্তনের রিপোর্ট করতে হবে।

**13. আমি আর্থিক সহায়তার সাথে স্বাস্থ্য প্ল্যানে নথিভুক্ত ছিলাম। কেন আমার ফর্ম 1095-A নির্দেশ করছে যে আমার এমন মাসের জন্য APTC ছিল যে মাসে আমি স্বাস্থ্য প্ল্যানে নথিভুক্ত ছিলাম না?**

আপনি কেবল সেই মাসের জন্য PTC-এর জন্য যোগ্য যাতে আপনি আপনার স্বাস্থ্য বীমা প্রিমিয়ামের অংশটি পরিশোধ করেছেন। যদি আপনার স্বাস্থ্য প্ল্যান এমন মাসের জন্য আপনার কভারেজ প্রদান করেছে যার জন্য আপনি আপনার প্রিমিয়ামের অংশ পরিশোধ করেন নি, তাহলে আপনাকে সেই মাসের জন্য স্বাস্থ্য প্ল্যান দ্বারা আপনার পক্ষ থেকে PTC -কে। পরিশোধ করা পরিমাণটি ফেরত দিতে হবে।

উদাহরণস্বরূপ:

| | |
|---|---|
| জানুয়ারী 2021: | আপনি আর্থিক সহায়তার সাথে স্বাস্থ্য প্ল্যানে নথিভুক্ত আছে। |
| জানুয়ারি – মে 2020: | আপনি প্রত্যেক মাসে যথাসময়ে আপনার প্রিমিয়ামের অংশ পরিশোধ করেন এবং প্রত্যেক মাসে আপনার স্বাস্থ্য প্ল্যানে APTC পরিশোধিত হয়। |
| জুন 2021: | আপনি আপনার প্রিমিয়াম পরিশোধ না করলে আপনি সক্রিয়ভাবে আপনার কভারেজ সমাপ্ত করছেন না এবং আপনার জুন প্রিমিয়াম প্রদান করার জন্য 90-দিনের বর্ধিত মেয়াদে প্রবেশ করছেন। জুনের জন্য আপনার স্বাস্থ্য প্ল্যানে APTC পরিশোধ করা হয়। |
| সেপ্টেম্বর 2021: | আপনি এখনও পর্যন্ত জুনের জন্য প্রিমিয়াম পরিশোধ করেন নি এবং আপনাকে জুন 30 পর্যন্ত ভূতাপেক্ষভাবে সমাপ্ত করা হয়েছে। ফেডেরাল প্রিমিয়াম পেমেন্ট বর্ধিত মেয়াদের নিয়মের অধীনে, স্বাস্থ্য প্ল্যান জুন মাসে আপনার দ্বারা ব্যবহৃত যে কোনও কভার করা পরিষেবার জন্য প্রদানকারীদের পরিশোধ করার প্রয়োজন ছিল। যাইহোক, আপনি সেই মাসের জন্য APTC-এর জন্য যোগ্য নন কারণ আপনি আপনার প্রিমিয়ামের অংশ পরিশোধ করেন নি। যেহেতু আপনি সেই মাসের APTC-এর জন্য আর যোগ্য নন তাই আপনাকে সেই অর্থটি IRS-কে ফেরত দিতে হবে। APTC জুনের পর পরিশোধ করা হয়েছিল তাই কেবল সেই মাসের জন্য আপনার ফেরত। দেওয়ার বাধ্যবাধকতা আছে। |

**14. আমি 2021 সালে NY State of Health-এর মাধ্যমে একটি হেলথ প্ল্যানে নথিভুক্ত করেছি এবং আমার কাছে ন্যূনতম প্রয়োজনীয় কভারেজের আর কোনো উৎস নেই, কেন আমি ট্যাক্স ক্রেডিট পাওয়ার যোগ্যতা অর্জন করিনি?**

অ্যাফোর্ডেবল কেয়ার অ্যাক্ট (Affordable Care Act, ACA) নির্দিষ্ট করে যে স্বাস্থ্য বীমা সাশ্রয়ী হিসাবে বিবেচিত হয় যখন সেটির খরচ একজন ব্যক্তির বা পরিবারের আয়ের একটি নির্দিষ্ট শতাংশের বেশি নয়। একজন ব্যক্তি অথবা পরিবার যে পরিমাণ ট্যাক্স ক্রেডিট পেতে পারে তা দুটি কারণের ওপর নির্ভর করে: পরিবারের আয় এবং তারা যে দেশের মধ্যে বসবাস করে, সেখানকার দ্বিতীয় সর্বনিম্ন মূল্যের সিলভার প্ল্যানের (Second Lowest Cost Silver Plan, SLCSP) খরচ। যদি SLCSP-এর খরচ পরিবারের আয়ের নির্দিষ্ট শতাংশের বেশি হয় তাহলে ব্যক্তি অথবা পরিবার PTC-এর জন্য যোগ্য হতে পারে। যদি SLCSP-এর খরচ পরিবারের আয়ের নির্দিষ্ট শতাংশের কম হয় তাহলে ব্যক্তি অথবা পরিবার PTC-এর জন্য যোগ্য নন কারণ কভারেজটি ইতিমধ্যেই সাশ্রয়ী।

ফর্ম 8962-এর জন্য নির্দেশাবলীর টেবিল 2 আযের সর্বাধিক শতাংশ তালিকাভুক্ত করে যা একজন ব্যক্তি অথবা পরিবারকে তাদের দেশের SLCS-এর জন্য তাদের আযের ওপর ভিত্তি করে পরিশোধ করতে হবে।

**15. আমার 1095-A-এর তথ্য সঠিক মনে হচ্ছে না। আমি এটি কিভাবে পরিবর্তন করতে পারি?**

আপনার ফর্ম 1095-A-এ উল্লেখিত তথ্যটি বুঝতে এগুলি সাহায্য করছে কিনা দেখার জন্য অনুগ্রহ করে অন্য FAQs পর্যবেক্ষণ করুন। যদি এই FAQ গুলো আপনার প্রশ্নের সমাধান না করে তাহলে অনুগ্রহ করে সহায়তার জন্য 1-855-766-7860-নম্বরে আপনার NY State of Health-কে কল করুন।

**16. আমি NY State of Health থেকে একটি সংশোধিত 1095-A গ্রহণ করেছি। আমাকে কি আমার কর আবার তমা করতে হবে?**

NY State of Health কর সংক্রান্ত পরামর্শ প্রদান করে না। আপনা প্রশ্নের সম্পর্কে আরও তথ্যের জন্য অথবা আপনার কর পরামর্শদাতার সাথে আপনার পরিস্থিত আলোচনা করার জন্য অনুগ্রহ করে www.irs.gov দেখুন।

**17. আমি কভাবেজের জন্য আবেদন করার সময় আমার আয়ের ব্যাপারে আমার কাছে যে তথ্য ছিল আমি তার ভিত্তিতে আমার 2021 NY state of Health আবেদন সম্পূর্ণ করেছি। যখন আমি আমার 2021 এর ট্যাক্স রিটার্ন সম্পূর্ণ করেছি, এটি নির্দেশ করেছে যে আমার প্রত্যাশার তুলনায় আমার বেশি আয় ছিল এবং আমি ট্যাক্স ক্রেডিটের কম পরিমাণের জন্য যোগ্য ছিলাম। আমাকে কি অতিরিক্ত ট্যাক্স ক্রেডিট ফেরত দিতে হবে? আমার পক্ষ থেকে ফেরতযোগ্য পরিমাণের ওপর কি কোনও সীমা আছে?**

যদি 2021-এ আপনার প্রকৃত আয় 2021-এর জন্য NY State of Health-এ আপনার দ্বারা জানানো পরিমাণের চেয়ে বেশি হয় এবং যদি যোগ্য ছিলেন বলে এমন কিছুটা অথবা সমস্ত ট্যাক্স ক্রেডিট আপনি ব্যবহার করে থাকলে, আপনি আপনার ট্যাক্স রিফান্ড গণনা করার সময় আপনার দ্বারা গৃহীত সমস্ত অথবা সম্পূর্ণ অতিরিক্ত পরিমাণ, IRS ফেরত নিয়ে নিতে পারে। 2021 সালে আপনার প্রকৃত আয়ের উপর নির্ভর করে, আপনাকে যে পরিমাণ অর্থ ফেরত দিতে হবে তার উপর একটি ক্যাপ থাকতে পারে। ফেরত দেওয়ার সীমাগুলি সম্পর্কে আরও তথ্যের জন্য অনুগ্রহ করে ফর্ম 8962-এর জন্য নির্দেশাবলী দেখুন। আরও তথ্যের জন্য আপনি www.irs.gov দেখতে পারেন।

**18. আমার 2021 ট্যাক্স রিটার্ন সম্পূর্ণ করার পর, আমার IRS-এর কাছে কিছু ট্যাক্স ক্রেডিট বকেয়া ছিল। আমি এটি পরবর্তী বছরে কিভাবে এড়াব?**

2021-এর জন্য আপনার প্রত্যাশিত আয়ের তুলনায় আপনার প্রকৃত আয় বেশি হওয়ার কারণে যদি আপনাকে ট্যাক্স ক্রেডিট ফেরত দিতে হয় তাহলে আপনি আপনার সম্পূর্ণ ট্যাক্স ক্রেডিট ব্যবহার করার তুলনায় 2022-এর প্রিমিয়ামের আপনার সর্বাধিক ট্যাক্স ক্রেডিটের একটি অংশ ব্যবহার করার কথা বিবেচনা করতে পারেন, যার জন্য আপনি যোগ্য। এছাড়াও যদি 2022-এ আপনার বার্ষিক আযে পরিবর্তন হয় তাহলে এই পরিবর্তনের ব্যাপারে অবিলম্বে NY State of Health-কে জানানো সুনিশ্চিত করুন।

ট্যাক্স ক্রেডিট পুনরায় পরিশোধ করা এড়ানোর সবচেয়ে শ্রেষ্ঠ উপায় হলো আপনার NY State of Health আবেদনের মধ্যে আপনার আনুমানিক আয় সঠিক রাখা। যদি 2022-এ আপনার আয় পরিবর্তন হয় তাহলে এই পরিবর্তনের ব্যাপারে অবিলম্বে NY State of Health-কে জানানো সুনিশ্চিত করুন।

**19. আমার 2021 ট্যাক্স রিটার্ন সম্পূর্ণ করার পর আমার প্রিমিয়াম ট্যাক্স ক্রেডিট আমি আমার NY State of Health যোগ্যতা বিজ্ঞপ্তি পাওয়ার থেকে বেশি ছিল। এটি কেন ঘটেছে?**

আপনার অগ্রিম প্রিমিয়াম ট্যাক্স ক্রেডিটের পরিমাণ আপনার আনুমানিক পারিবারিক আয় এবং আপনার নাম নথিভুক্ত করার সময় লভ্য তথ্যের উপর ভিত্তি করে ছিল। আপনি যখন IRS ফর্ম 8962 পূরণ করবেন, তখন আপনার চূড়ান্ত প্রিমিয়াম ট্যাক্স ক্রেডিট আপনার প্রকৃত আয় এবং আপনি যে কাউন্টিতে থাকেন সেখানকার দ্বিতীয় সর্বনিম্ন মূল্যের সিলভার প্ল্যানের মূল্যের ভিত্তিতে তৈরি হবে। IRS ফর্ম 8962 থেকে আপনার চূড়ান্ত প্রিমিয়াম ট্যাক্স ক্রেডিট যদি আপনার অগ্রিম প্রিমিয়াম ট্যাক্স ক্রেডিটের চেয়ে বেশি হয়, তবে আপনি আরও বেশি পরিমাণে রিফান্ড কম পরিমাণ ট্যাক্সের আকারে অধিক আর্থিক সহায়তা পেতে পারেন।

**20. যদি আমাকে IRS-কে কিছু ট্যাক্স ফেরত দিতে হয় তাহলে কি আমাকে আমার স্বাস্থ্য প্ল্যান ট্যাক্স ক্রেডিটও ফেরত দিতে হবে?**

না। আপনাকে IRS-এর সঙ্গে আপনার ট্যাক্স ক্রেডিট পুনঃস্থাপিত করতে হবে না। আপনি আপনার স্বাস্থ্য প্ল্যানের সাথে আপনার ট্যাক্স ক্রেডিট পুনঃস্থাপিত করেন নি।

**21. আমি খরচ ভাগ করা হ্রাসসহ (Cost Sharing Reductions, CSRS)-NY State of Health plan-এ নথিভুক্ত ছিলাম। আমার ট্যাক্স ফাইল করার সময় আমাকে কি CSR সুবিধা পুনঃস্থাপিত করতে হবে?**

না। CSR গুলো পুনঃস্থাপিত হ্য না।

## 22. আমি 2021-এ APTC-এর যে পরিমাণ পাওয়ার জন্য যোগ্য ছিলাম সেটির ব্যাপারে আমি NY State of Health-এর সাথে একমত নই। আমি কি NY State of Health-এ একটি আবেদন জানাতে পারি?

একজন ব্যক্তি APTC-এর যে পরিমাণের জন্য যোগ্য তা সহ যোগ্যতা নির্ধারণগুলির বিরুদ্ধে নির্ধারণের তারিখ থেকে 60 দিনের মধ্যে আবেদন জানানো যেতে পারে। এটির অর্থ হলো আপনি ফর্ম 1095-A পাওয়ার সময়ে বেশিরভাগ APTC যোগ্যতা নির্ধারণগুলির বিরুদ্ধে আবেদন জানাতে পারবেন না।

যদিও, আপনি 2021-এ APTC ব্যবহার করে থাকেন তাহলে আপনি যে পরিমাণ APTC ব্যবহার করেছেন সেটির সাথে আপনি যত পরিমাণের জন্য যোগ্য তা আপনার ফেডেরাল ট্যাক্স রিটার্নে পুনঃস্থাপিত করতে হবে। আপনার 2021 APTC যোগ্যতার জন্য NY State of Health -এর সাথে আবদেন জমা করা বাদে আপনার ট্যাক্স রিটার্ন সম্পূর্ণ করলে এটি আপনি যে সমস্ত ট্যাক্স ক্রেডিটের জন্য যোগ্য তা পাওয়া সুনিশ্চিত করবে।

## 23. আমার ফর্ম 1095-A-এর তথ্যের সাথে আমি একমত নই। আমি কি একটি আবেদন জমা করতে পারি?

ফর্ম 1095-A আবেদনযোগ্য নয়।

অনুগ্রহ করে অন্য FAQs পর্যবেক্ষণ করুন, আপনার ফর্ম 1095-A-এ উল্লেখিত তথ্যটি বুঝতে এগুলি সাহায্য করছে কিনা দেখার জন্য। যদি এই FAQ গুলো আপনার প্রশ্নের সমাধান না করে তাহলে অনুগ্রহ করে সহায়তার জন্য 1-855-766-7860-নম্বরে আপনার NY State of Health -কে কল করুন।

## 24. আমার ট্যাক্স ফাইল করার জন্য আমি কোথায় সাহায্য পেতে পারি?

আপনি আপনার নিজস্ব ট্যাক্স অ্যাডভাইজার অথবা প্রিপ্যেরারের থেকে সহায়তা পেতে পারেন। আপনি IRS-এর থেকে www.irs.gov -এ অথবা IRS (800) 829-1040 নম্বরে ফোন করে সহায়তা পেতে পারেন, সোমবার থেকে শুক্রবার সকাল 7:00টা থেকে সন্ধ্যা -7:00টা। IRS ওয়েবসাইট যাদের "সাহায্য এবং সংস্থান প্রয়োজন তাদেরকে এটি প্রদান করে। সাহায্যের মধ্যে সংযুক্ত রয়েছে স্থানীয় ট্যাক্সপেয়ারের উকিল" এবং "কম আয়কর পরিশোধকারী ক্লিনিক।"

যে কর প্রদানকারীরা সাধারণতঃ $57,000-এর চেয়ে কম আয় করে, অথবা অক্ষমতা আছে অথবা সীমিত ইংরেজি বলতে পারে অথবা প্রবীণ, তাদর জন্য স্বেচ্ছাসেবক আয়কর সহায়তা (Volunteer Income Tax Assistance, VITA)- সাইটগুলির মাধ্যমে বিনামূল্যের কর সাহয্যতা পাওয়া যাচ্ছে। আরও তথ্যের জন্য (800)-906-9887 নম্বরে কল করুন অথবা www.irs.gov/Individuals/Free-Tax-Return-Preparation-for-You-by-Volunteers

## 25. আমাকে কি 2021-এর জন্যও ট্যাক্স ফাইল করতে হবে?

যদি আপনি ট্যাক্স ক্রেডিটের সাথে একটি বা তার বেশি মাসের জন্য নথিভুক্ত থাকেন তাহলে আপনাকে ট্যাক্স ফাইল করতে হবে। আপনি শব্দের সংক্ষিপ্ত রূপ ব্যবহার করতে পারবেন না যেমন ফর্ম 1040EZI আপনাকে দীর্ঘ রূপের মধ্যে একটি ব্যবহার করতে হবে যেমন ফর্ম 1040 অথবা ফর্ম 1040A| আপনার ট্যাক্স রিটার্নের সাথে আপনাকে ফর্ম

8962 অবশ্যই জমা করতে হবে। যদি আপনার এই ফর্মের বিষয়ে সহায়তার প্রয়োজন হয় অনুগ্রহ করে আরও তথ্যের জন্য www.irs.gov -এ যান।

যদি আপনি ট্যাক্স ক্রেডিট ছাড়া নথিভুক্ত থাকেন অনুগ্রহ করে আরও তথ্যের জন্য www.irs.gov -এ যান।

**26. কেন আমি NY State of Health বাদে অন্য কোথা থেকে 1095 ফর্ম পেয়েছি?**

গ্রাহকরা প্রত্যেক ধরনের স্বাস্থ্য বীমার জন্য পৃথক ফর্ম 1095 পেয়ে থাকেন, যাতে তারা 2021-এ নথিভুক্ত ছিলেন। তিন ধরনের 1095 ফর্মগুলি হলো 1095-A, 1095-B এবং 1095-C।

1095-A এমন একজন ব্যক্তিকে পাঠানো হয় যিনি 2021-এ একই সময়ে মার্কেটপ্লেসের মধ্যে QHP-তে (ট্যাক্স ক্রেডিট সহ অথবা ছাড়া) নথিভুক্ত হয়েছেন।

ফর্ম 1095-B এমন একজন ব্যক্তিকে পাঠানো হয় যিনি 2021-এ যে কোনও সময়ে Medicaid, Child Health Plus, Essential Plan, Medicare অথবা Tricare এ নথিভুক্ত হয়েছেন। মনে রাখবেন যে Medicare এবং Tricare ফেডারাল সরকার স্পনসর করা প্রোগ্রাম এবং NYS স্বাস্থ্য বিভাগ সেই প্রোগ্রামের জন্য 1095-B ফর্ম তৈরি করে না বা জারি করে না। 1095-B ফর্মটি Medicaid, চাইল্ড হেল্থ প্লাস বা Essential Plan তালিকাভুক্ত হওয়া যেকোন ব্যক্তির অনুরোধের ভিত্তিতে তৈরি করা এবং মেল করা যেতে পারে। আপনার 1095-B এর একটি কপির অনুরোধ করতে 1-800-541-2831 নম্বরে কল করুন। ক্যাটাস্ট্রফিক প্ল্যানে তালিকাভুক্ত হওয়া গ্রাহকদের, যারা সরাসরি তাদের বীমাকারীর কাছ থেকে তাদের প্ল্যানটি কিনেছিলেন বা স্মল বিজনেস মার্কেটপ্লেসের মাধ্যমে তাদের কভারেজ পেয়েছিলেন তাদেরকে হেলথ প্ল্যানগুলি সরাসরি অনুরোধের ভিত্তিতে 1095-B ফর্মটি পাঠাতে পারে।

1095-C ফর্মটি প্রযোজ্য বৃহত নিয়োগকারীদের দ্বারা পাঠানো হয়েছে (applicable large employers, ALEs) যারা সাশ্রয়ী মূল্যের যত্ন আইনের অংশীদারিত্বের বিধানের সাপেক্ষে রয়েছে। একটি ALE হল এমন এক নিয়োগকারী যা বর্ষপঞ্জী বছরে গড়ে কমপক্ষে 50 পূর্ণ সময়ের কর্মচারী (পুরো সময়ের সমকক্ষ কর্মচারী সহ) নিযুক্ত করে।

যদি আপনার 1095 ফর্ম সম্পর্কে কোনও প্রশ্ন থাকে অনুগ্রহ করে সেই ফর্মে তালিকাভুক্ত ফোন নম্বরে কল করুন।

**27. আমার স্বামী/স্ত্রী প্রাথমিক অ্যাকাউন্টধারক ছিলেন কিন্তু এখন আর জীবিত নেই। আমার ট্যাক্স ফাইল করার জন্য আমি কিভাবে তাদের ফর্ম 1095-A ব্যবহার করতে পারব।**

যে স্বামী/স্ত্রী নিজেদের কর যৌথভাবে ফাইল করে আমরা জীবিত স্বামী/স্ত্রীকে ফর্ম 1095-A প্রদান করতে পারি যদি তিনি ফর্ম 1095-A-এ তালিকাভুক্ত থাকেন। অনুগ্রহ করে সহায়তার জন্য 1-855-766-7860 নম্বরে NY State of Health -এর সাথেযোগাযোগ করুন।

**28. আমি একজন মৃত ব্যক্তির ফর্ম 1095-A-এ প্রবেশ করার প্রয়াস করছি। তিনি আমার স্বামী-স্ত্রী ছিলেন না এবং আমি জীবিত স্বামী-স্ত্রী হিসেবে ফর্ম 1095-A-এর মধ্যে তালিকাভুক্ত নই।**

আপনাকে NY State of Health-এর পত্র সহ লিখিতভাবে ফর্ম 1095-A -এর জন্য অবশ্যই অনুরোধ করতে হবে। এই পত্রের মধ্যে আদালতের নথিপত্র প্রতিলিপি অবশ্যই থাকতে হবে যা মৃত ব্যক্তির এক্সিকিউটারের অথবা এস্টেটের জন্য প্রশাসকের নাম উল্লেখ করে। এই প্রত্রগুলিকে প্রায়ই লেটার্স টেস্টামেন্ট্রি অথবা লেটার্স অফ অ্যাডমিনিস্ট্রেশন বলা হয়। এই নথিপত্রগুলি কিভাবে সংগ্রহ করবেন সে সম্পর্কে কোনও প্রশ্ন থাকলে আপনি একজন উকিলের পরামর্শ নিতে পারেন। গৃহীত হওয়ার পর NY State of Health এক্সিকিউটর অথবা প্রশাসক হিসেবে এই নথিপত্রে উল্লেখিত ব্যক্তিদেরকে ফর্ম 1095-A প্রদান করবে।

মনে রাখবেন যে যদি আপনার কাছে মৃত ব্যক্তির জন্য মোক্তারনামা না থাকে তাহলেও আপনাকে ফর্ম 1095-A সংগ্রহ করার জন্য উপরে উল্লেখিত লিখিত অনুরোধ এবং আদালতের নথিপত্র অবশ্যই প্রদান করতে হবে। আরও তথ্যের জন্য অনুগ্রহ করে -1-855-766-7860 নম্বরে NY State of Health-এর সঙ্গেযোগাযোগ করুন।

**29. আমি প্রিমিয়াম ট্যাক্স ক্রেডিট সম্পর্কে IRS-এর থেকে 12C পত্র পেয়েছি। আমার এই পত্রটি নিয়ে কী করা উচিত?**

IRS আপনাকে এই পত্রটি পাঠিয়েছে কারণ NY State of Health তাদেরকে জানিয়েছে যে আপনার পক্ষ থেকে প্রিমিয়াম ট্যাক্স ক্রেডিটের অগ্রিম পেমেন্ট আপনার অথবা আপনার পরিবারের বীমা কোম্পানির কাছে করা হয়েছে। পুনশ্চ, আপনি আপনার 2021-এর কর জমা করার সময় ফর্ম 8962 ব্যবহার করে প্রিমিয়াম ট্যাক্স ক্রেডিটের অগ্রিম পেমেন্ট পুনঃস্থাপনা করেন নি।

আপনি এই পত্রের তথ্যের সাথে ভিন্নমত হলেও আপনি এই পত্রের উত্তর দেওয়ার জন্য বাধ্য। এই পত্রের নির্দেশাবলী অনুসরণ করুন এবং IRS-এর প্রতি আপনার উত্তরে আপনার ফর্ম 1095-A এবং IRS ফর্ম 8962 সংযুক্ত করুন। NY State of Health ফর্ম 8962 অথবা ট্যাক্স ফাইলিং প্রক্রিয়া সম্পর্কে প্রশ্নের উত্তর দিতে পারবে না; আপনার কোনও প্রশ্ন থাকলে আপনার একজন ট্যাক্স প্রিপেয়ারারের পরামর্শ নেওয়া উচিত অথবা IRS-এর সাথে যোগাযোগ করা উচিত। অনুগ্রহ করে খেয়াল রাখবেন যে আপনি মার্কেটপ্লেসের মাধ্যমে স্বাস্থ্য বীমায নথিভুক্ত না থাকলেও আপনাকে এই পত্রের উত্তর অবশ্যই দিতে হবে।

**আমেরিকান রেসকিউ প্ল্যান (American Rescue Plan, ARP) সম্পর্কে প্রায়শ জিজ্ঞাসিত প্রশ্নাবলী**

2021 সালের মার্চ মাসে প্রণীত আমেরিকান রেসকিউ প্ল্যানের অধীনে, বিদ্যমান NYSOH নথিভুক্তরা বড় ট্যাক্স ক্রেডিট পেয়েছে, উচ্চ আয়ের নিউ ইয়র্কবাসীরা প্রথমবার APTC এর জন্য যোগ্য হয়েছে এবং 2021 সালে অন্তত এক সপ্তাহের জন্য বেকারত্বের ক্ষতিপূরণ (Unemployment Compensation) প্রাপ্ত গ্রাহকরা মাসিক প্রিমিয়াম খরচ কমাতে সাহায্য করার জন্য সর্বাধিক রাশির প্রিমিয়াম ট্যাক্স ক্রেডিট সহায়তা পাওয়ার যোগ্য হয়েছে। কভারেজ এবং আপডেট করা ট্যাক্স ক্রেডিটে পরিবর্তনগুলি সমস্ত প্রযোজ্য মাসের জন্য গ্রাহক 1095A-এর উপর প্রতিফলিত হয়।

**প্র: আমি ইতিমধ্যেই NY State of Health এর মাধ্যমে একটি হেলথ প্ল্যানে নথিভুক্ত ছিলাম এবং আমার মাসিক প্রিমিয়াম কমানোর জন্য আর্থিক সহায়তা পেয়েছি, আমেরিকান রেসকিউ প্ল্যানের অধীনে আমি একটি হায়ার ট্যাক্স ক্রেডিট পেয়েছি, এটি আমার ফর্ম 1095-A কে কীভাবে প্রভাবিত করেছে?**

**উ:** 2021 সালের মার্চ মাসে প্রণীত আমেরিকান রেসকিউ প্ল্যানের অধীনে, নিম্ন ও মাঝারি আয়ের ব্যক্তিরা (একজন ব্যক্তির জন্য $51,040 পর্যন্ত আয় এবং চারজনের একটি পরিবারের জন্য $104,800 পর্যন্ত আয়) যারা আগে ট্যাক্স ক্রেডিট পাওয়ার জন্য যোগ্য ছিল তারা হায়ার ট্যাক্স ক্রেডিট পাওয়ার যোগ্য হয়েছে। আপনার ট্যাক্স ক্রেডিট রাশির বৃদ্ধি আপনার প্রিমিয়ামকে কম করে।

জুন 2021 থেকে শুরু করে, NY State of Health নথিভুক্তদের কোনো পদক্ষেপের প্রয়োজন ছাড়াই এই হায়ার ট্যাক্স ক্রেডিটগুলি বর্তমান নথিভুক্তদের উপর প্রয়োগ করেছে।

হায়ার ট্যাক্স ক্রেডিটগুলি জুন থেকে শুরু হওয়া মাসগুলির জন্য ফর্ম 1095-A-তে প্রতিফলিত হয় যদি না আপনি সেগুলি থেকে বাহির হয়ে যাবার সিদ্ধান্ত নেন।

**প্র: আমি NY State of Health-এর মাধ্যমে একটি হেলথ প্ল্যানে নথিভুক্ত করেছি এবং আমার প্রিমিয়ামের সম্পূর্ণ মূল্য পরিশোধ করেছি। ARP-এর অধীনে আমি আর্থিক সহায়তার জন্য যোগ্য হয়েছি এবং ট্যাক্স ক্রেডিট পেয়েছি, এটি কীভাবে আমার ফর্ম 1095-A প্রভাবিত করেছে?**

**উ:** উচ্চ আয়ের স্তরের জন্য আর্থিক সহায়তা উপলব্ধ করতে আমেরিকান রেসকিউ প্ল্যানের অধীনে আর্থিক সহায়তার নিয়মগুলি পরিবর্তিত হয়েছে। আপনি যদি বলে থাকেন যে আপনি আপনার আয়ের উপর ভিত্তি করে প্রিমিয়াম ট্যাক্স ক্রেডিটের জন্য যোগ্য ছিলেন না, তবে আপনি জুন মাসের গোড়ায় যোগ্য হয়ে উঠতে পারেন যখন NY State of Health এমন পরিবর্তনগুলি কার্যকর করেছে যা উচ্চ আয়ের পরিবারগুলির জন্য ট্যাক্স ক্রেডিট উপলব্ধ করে।

আমেরিকান রেসকিউ প্ল্যান 2021 এর আগে, ট্যাক্স ক্রেডিট এমন ব্যক্তিদের জন্য উপলব্ধ ছিল না যারা FPL ($51,040 এবং চারজনের একটি পরিবার $104,800-এর বেশি উপার্জন করে) এর 400% এর বেশি উপার্জন করে। আমেরিকান রেসকিউ প্ল্যানের মাধ্যমে, উচ্চ আয়ের ব্যক্তি এবং পরিবারগুলি ট্যাক্স ক্রেডিটগুলির জন্য যোগ্য ছিল।

এই নতুন আর্থিক সহায়তা 2021 সালের জুন মাসে শুরু হয়েছিল।

আপনি যদি আপনার মাসিক প্রিমিয়াম কমাতে APTC আবেদন করতে বেছে নেন, তাহলে সেটি আপনার ফর্ম 1095-A-এ প্রতিফলিত হতে হবে।

**প্র: আমি 2021 সালে বেকারত্বের ক্ষতিপূরণ পেয়েছি এবং NY State of Health-এর মাধ্যমে একটি হেলথ প্ল্যানে নথিভুক্ত হয়েছি, এটি আমার ফর্ম 1095-A-কে কীভাবে প্রভাবিত করেছে?**

**উ:** আপনি যদি 2021 সালে অন্তত এক সপ্তাহের জন্য বেকারত্ব বীমার জন্য যোগ্য হন, তাহলে আমেরিকান রেসকিউ প্ল্যানের অধীনে আপনি আপনার মাসিক প্রিমিয়াম খরচ কমাতে সাহায্য করার জন্য সর্বাধিক পরিমাণ প্রিমিয়াম ট্যাক্স ক্রেডিট সহায়তা পেতে সক্ষম হবেন। উদাহরণস্বরূপ, আপনি যদি 1 জানুয়ারি থেকে 7 জানুয়ারী, 2021 পর্যন্ত বেকারত্ব বীমা পেয়ে থাকেন এবং আপনি 1 এপ্রিল, 2021-এর মধ্যে স্বাস্থ্য বীমার জন্য আবেদন করেন, তাহলে আপনি বর্ধিত ভর্তুকি রাশির জন্য যোগ্য হয়েছেন কারণ আপনি 2021 সালে অন্তত এক সপ্তাহের জন্য বেকারত্ব বীমা পেয়েছেন।

আপনি যদি আপনার মাসিক প্রিমিয়াম কমাতে APTC আবেদন করতে বেছে নেন, তাহলে সেটি আপনার ফর্ম 1095-A-এ প্রতিফলিত হতে হবে।

**প্র: ARPA এর মাধ্যমে উপলব্ধ বর্ধিত ট্যাক্স ক্রেডিটগুলি 2021 এর শুরুর আগেই সক্রিয়। আমি আমার 1095-A তে এই পূর্বে সক্রিয়তা প্রতিফলিত দেখতে পাচ্ছি না। আমি কিভাবে পুরো ক্যালেন্ডার বছরের জন্য আমার বর্ধিত ট্যাক্স ক্রেডিট দাবি করতে পারি?**

**উ:** জানুয়ারীতে ফিরে আসা পূর্বে সক্রিয় হওয়া ট্যাক্স ক্রেডিটগুলি সেই মাসগুলির জন্য উপলব্ধ থাকবে যখন আপনি NY State of Health এর মাধ্যমে মেটাল স্তরের QHP-এ যোগ্য এবং নথিভুক্ত ছিলেন। আপনি যোগ্য রয়েছেন বলে ধরে নিয়ে, যখন আপনার ট্যাক্স ফাইল করবেন তখন আপনি পূর্বে সক্রিয় হওয়া ট্যাক্স ক্রেডিট দাবি করতে পারেন।

## ট্যাক্স, ট্যাক্সেব ফর্ম, এবং অব্যাহতির ব্যাপাবে প্রায়শই জিজ্ঞাস্য প্রশ্ন

যদি আপনার নিম্নলিখিতের মধ্যে কোনও একটির ব্যাপারে কোনও প্রশ্ন থাকে অনুগ্রহ করে আরও তথ্যের জন্য www.irs.gov -এ যান অথবা আপনার ট্যাক্স অ্যাডভাইসারের সাথে আলোচনা করুন। এই প্রশ্নগুলি কর ফাইলিং নির্দিষ্ট এবং আমরা ট্যাক্সের পরামর্শ প্রদান করি না।

- আমি আর্থিক সহায়তার জন্য NY State of Health-এর কাছে আবেদন করিনি। আমি 2021-এর জন্য আমার ট্যাক্স রিটার্নের ওপর PTC দাবি করতে পারি কিনা অনুগ্রহ করে একটু বলবেন কি?

- আমার ট্যাক্স পরিবারে কে কে আছে? কেউ নির্ভরশীল আছে কিনা তা আমি কিভাবে জানতে পারব?

- আমার ট্যাক্স রিটার্নের বিষয়ে স্বাস্থ্য পরিচর্যা কভারেজের ব্যাপারে আমি কিভাবে জানাব?

- আমার ট্যাক্স রিটার্নের বিষয়ে ফর্ম 1095-A থেকে তথ্য আমি কিভাবে রিপোর্ট করব?

- আমাকে কি ফর্ম 8962 সম্পূর্ণ করতে হবে?

- আমার ট্যাক্স রিটার্নের বিষয়ে আমি কিভাবে ফর্ম 8962 সম্পূর্ণ করব? আমার ফর্ম 8962 সম্পূর্ণ করার জন্য আমি কিভাবে ফর্ম 1095-A ব্যবহার করব? আয় হিসেবে কোনগুলিকে গণনা করা হয়? আমার FPL কি?

- আমার কি IRS-এর কাছে কোনও বকেয়া আছে? আমি কি IRS-এর থেকে রিফান্ড পাব? আমাকে IRS-কে কতটা ট্যাক্স ক্রেডিট প্রদান করতে হবে? আমি IRS থেকে কতটা অতিরিক্ত ট্যাক্স ক্রেডিট পেতে পারি?

- আমি স্ব-নিযুক্ত। আমি ব্যবসায়িক ব্যয় অথবা আমার ট্যাক্স রিটার্ন হিসেবে আমার NY State of Health প্রিমিয়াম দাবি করতে পারি?

- আমাকে ট্যাক্স ক্রেডিট ফেরত দিতে হবে অথবা অতিরিক্ত ট্যাক্স ক্রেডিট পেয়েছি। আমার কি 2022-এর জন্য আমার আয় ভিন্নভাবে অনুমান করা উচিত।

- আমি আর্থিক সহায়তার সাথে আমার স্বাস্থ্য প্ল্যানে নথিভুক্ত হয়েছি এবং আমার আয় এখন FPL-এর 100%-এর চেয়ে কম। আমি কি এখনও PTC-এর জন্য যোগ্য?